গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৩৮.১৭-১৮৩ তারিখঃ ২৬/১১/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ e-PW2(a) এবং e-PW2(b) এ উল্লিখিত Tender Security এবং Performance Security হিসেবে Bank Guarantee গ্রহণ এর বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ-৪৬.০২.০০০০.৩২২.১৮.০০৩.১০-৩৮২; তারিখঃ ২০/১০/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিআর, ২০০৮ এর বিধি-২২ অনুযায়ী ২.০০ কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য (Works) ক্রয়ের ক্ষেত্রে দরপত্র জামানত হিসেবে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিলের শর্ত রয়েছে যা' ম্যানুয়াল পদ্ধতিতে আহ্বানকৃত উন্মুক্ত দরপত্র পদ্ধতির (OTM) জন্য প্রযোজ্য আদর্শ দরপত্র দলিলে [PW2(a)] যথাযথভাবে অন্তর্ভুক্ত আছে। ম্যানুয়েল পদ্ধতিতে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) জন্য প্রযোজ্য আদর্শ দরপত্র দলিল, PW2b তে বিধি ৬৩(৪) এর সংস্থান অনুযায়ী দরপত্র জামানত দাখিলের কোন শর্ত রাখা হয়নি।

০২। পক্ষান্তরে ই-জিপিতে OTM এবং LTM এর জন্য প্রযোজ্য আদর্শ দরপত্র দলিল (যথাক্রমে e-PW2a এবং e-PW2b)-এর ITT-তে দরপত্র জামানত হিসেবে (LTM-এ ঐচ্ছিক) শুধুমাত্র ব্যাংক ড্রাফট এবং পে-অর্ডার দাখিলের শর্ত থাকলেও ই-জিপি সিস্টেম-এ কোন দরদাতা দরপত্র জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টি দাখিল করলে সেটি সিস্টেম কর্তৃক গৃহীত হয়েছে মর্মে পরিলক্ষিত হয়েছে। ITT-র নির্দেশনার সঙ্গে ই-জিপি সিস্টেম-এর প্রোগ্রামিং এর ভিন্নতার কারণে দরপত্র জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টি গৃহীত হলেও ই-জিপি সিস্টেম-এর স্বয়ংক্রিয় নিরাপত্তা ব্যবস্থার কারণে দরপত্র জামানতের সত্যতা যাচাইয়ের আবশ্যকতা নেই বিধায় এক্ষেত্রে দরপত্র জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টি দাখিল করা হলেও, অন্যান্য বিষয় সঠিক থাকলে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সেটি গ্রহণে কোন বাধা নেই। উল্লেখ্য, ইতোমধ্যেই ITT-র নির্দেশনার সঙ্গে ই-জিপি সিস্টেমের প্রোগ্রামিংকে সমন্বয় করা হয়েছে।

০৩। একইভাবে ই-জিপি'তে OTM-এর জন্য প্রযোজ্য আদর্শ দরপত্র দলিলের (e-PW2a) ITT তে কার্য-সম্পাদন জামানত হিসেবে দরপত্র জামানত (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) এবং রক্ষণযোগ্য অর্থের সমন্বয়ে ১০% কার্য-সম্পাদন জামানত দাখিলের সংস্থান রয়েছে। কেবলমাত্র ফ্রন্টলোডিং বা অস্বাভাবিক নিম্নদরের ক্ষেত্রে কার্য-সম্পাদন জামানত সর্বোচ্চ ২৫%পর্যন্ত বৃদ্ধি করার সংস্থান রয়েছে। অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে ১০%± মূল্য সীমার বিধান থাকায় অস্বাভাবিক নিম্নদরের বিষয়টি প্রযোজ্য নয়। শুধুমাত্র ফ্রন্টলোডিং এর ক্ষেত্রে অতিরিক্ত কার্য-সম্পাদন জামানত (১০% এর অতিরিক্ত) ব্যাংক গ্যারান্টি হিসেবে দাখিল করা হলে তা ITT-র শর্তানুযায়ী না হলেও বিধির সংস্থান অনুযায়ী ই-জিপিতে গৃহীত হচ্ছে। একইভাবে ই-জিপিতে LTM এর জন্য প্রযোজ্য আদর্শ দরপত্র দলিল, e-PW2(b) এর ITT তে কার্য-সম্পাদন জামানত হিসেবে শুধুমাত্র পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট গ্রহণের শর্ত থাকলেও বিধির সংস্থান অনুযায়ী ই-জিপি সিস্টেমে কার্য-সম্পাদন জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টিও গৃহীত হচ্ছে। বিধির শর্তানুযায়ী ITT এবং ই-জিপি সিস্টেমের সমন্বয় না হওয়া পর্যন্ত (সমন্বয়টি প্রক্রিয়াধীন) অন্যান্য বিষয় সঠিক থাকলে উভয় পদ্ধতিতেই (OTM এবং LTM) বিধি-২৭ অনুযায়ী ই-জিপিতে কার্য-সম্পাদন জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টি গ্রহণে কোন বাধা নেই।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

(মোসাঃ মৌসুমী খাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
প্রকিউরমেন্ট ইউনিট
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।

\\192.168.1.22\CPTU_General\Maushumi_DD\Letter\LGED_*04.11.2018.doc*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
প্রকিউরমেন্ট ইউনিট
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৮.০০৩.১০-৬৮২

তারিখঃ ২০/০৯/২০১৮-ইং

প্রতি

মহাপরিচালক
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয়ঃ **e-PW2(a) এবং e-PW2(b) Document এ উল্লেখিত Tender Security এবং Performance Security হিসেবে Bank Guarantee গ্রহণ এর বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, e-PW2(a) (ITT Clause 20 এবং 22) এবং e-PW2(b) (ITT Clause 21 এবং 38) উভয় ক্ষেত্রেই Tender Security ও Performance Security এর হিসেবে "Bank Draft" অথবা "Pay order" গ্রহণ করার কথা রয়েছে। কিন্তু e-GP System উল্লিখিত দু'টি Mode of Payment ছাড়াও Tender Security এবং Performance Security হিসেবে Bank Guarantee জমা দেয়ার সুযোগ আছে। বিষয়টি নিয়ে দরপত্র মূল্যায়নে জটিলতা সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, একজন ঠিকাদার ই-জিপি'র দরপত্রে Tender Security অথবা Performance Security হিসেবে Bank Guarantee জমা দিয়ে থাকলে তা মূল্যায়নে গ্রহণযোগ্য হবে কি না এ বিষয়টি স্পষ্টীকরণ প্রয়োজন। উল্লিখিত বিষয়টি স্পষ্টীকরণ করার জন্য অনুরোধ করা হলো।

২০.০৯.১৮

(মোঃ আব্দুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী
ফোনঃ ৮১৮১১০৩
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

-৪৫১-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মুন্সীগঞ্জ
www.lged.gov.bd

স্মারক নং ৪৬.০২.৫৯০০.০০০.১৪.১০৮.১৭. ১৬৫৬ তারিখঃ ০৫/০৯/২০১৮ইং।

প্রতি,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
এলজিইডি সদর দপ্তর
আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭

SAE Pl. put up

AE - Jobayda Pls put up 11.09.18

বিষয়ঃ **e-GP System-এ e-PW2(a) এবং e-PW2(b) এর ক্ষেত্রে Tender Security ও Performance Security হিসেবে Bank Guarantee জমা প্রদান প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের আওতায় e-PW2(a) এবং e-PW2(b)তে আহবানকৃত e-Tender ID 197253, 197255, 197256 এর ক্ষেত্রে দরপত্রদাতা Bank Guarantee আকারে Performance Security জমা প্রদান করেছেন। কিন্তু e-PW2(a) এর ITT Clause 20.2 তে বলা আছে Performance Security shall be either in the form of a bank draft, pay order এবং ITT Clause 22.1 তে বলা আছে The Tender Security shall be at the Tenderer's option, be either in the form of a bank draft or pay order. অপরপক্ষে, e-PW2(b) এর ITT Clause 38.2 তে বলা আছে Performance Security shall be in the form of a Bank Draft or Pay Order এবং ITT Clause 21.1 তে বলা আছে The Tender Security shall be at the Tenderer's option, be either in the form of a bank draft or pay order. কিন্তু e-GP System-এর দুর্বলতার কারণে যেকোন Form এ Tender Security এবং Performance Security ব্যাংকে জমা দেওয়া যায়, যা ITT Clause এর সাথে সাংঘর্ষিক। উল্লেখ, ইতিপূর্বে অত্র দপ্তরে e-PW2(a) এবং e-PW2(b) এর ক্ষেত্রে Tender Security এবং Performance Security কখনও Bank Guarantee Form-এ নেওয়া হয়নি। কিন্তু বর্তমানে একজন ঠিকাদার উক্ত ৩টি TID এর ক্ষেত্রে Performance Security, Bank Guarantee Form-এ করেন এবং বলেন যে, LGED তে বিভিন্ন দপ্তরে সর্ব ক্ষেত্রে তারা Performance Security, Bank Guarantee Form-এ দাখিল করছেন। বিষয়টির নিষ্পত্তি হওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, PW2(a) এবং e-PW2(b)তে আহবানকৃত দরপত্রের ক্ষেত্রে Tender Security এবং Performance Security Bank Guarantee আকারে জমা প্রদান করলে তা গ্রহনযোগ্য হবে কিনা সে বিষয়টি স্পষ্টীকরণের জন্য মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

সংযুক্ত:

১) ITT Clause, PW2(a)- 1 set
২) ITT Clause, PW2(b)- 1 set

০৫/৯/১৮

(মোঃ রফিকুল হাসান)
নির্বাহী প্রকৌশলী
E-mail:xen.munshiganj@lged.gov.bd

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'লোঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭